

## রাজশাহীতে ছাত্র সংঘর্ষ

এই অসহিষ্কৃত কাম্য নয়

তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ছাত্রদের মারমুখী হওয়া এবং শিক্ষার পরিবেশ নষ্ট করার মতো ঘটনা বাংলাদেশে যেন স্বাভাবিক হয়ে দাঁড়িয়েছে। ফলে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে শিক্ষাদানের পাশাপাশি এসব ঝড়ঝামেলা মোকাবিলা করতে গিয়ে প্রায়ই হিমশিম খেতে হয়। এসব ঘটনার পেছনে সব সময়ই রাজনৈতিক কারণ থাকে না। পাইনে দাঁড়ানো কিংবা শ্রেণীকক্ষে আসনে বসা, কিংবা ব্যাংকে টিউশন ফি জমা দেওয়ার মতো স্বাভাবিক কাজগুলোতে সামান্য হেরফের হলেই এক পক্ষ আরেক পক্ষকে আঘাত করার মতো অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটিয়ে থাকে, যা দ্রুত রাজনৈতিক দলবাজিতে গিয়ে ঠেকে। কোনো কাজে মতানৈক্য হওয়া স্বাভাবিক হলেও সেই মতানৈক্য থেকে হানাহানি কিংবা রাজনৈতিক পরিচয়ের কেন্দ্র করে দলাদলিতে রূপান্তরিত হওয়া কোনোভাবেই কাম্য হতে পারে না। কিন্তু রাজশাহী কলেজে রবিবার পরীক্ষার ফরম পূরণকালে শিক্ষার্থীদের মধ্যে সৃষ্ট হানাহানির ঘটনা এর চেয়েও খারাপ উদাহরণ তৈরি করেছে। সারিতে দাঁড়িয়ে থাকা শিক্ষার্থীদের কথা-কাটাকাটা হয় প্রথম। সেই সূত্র ধরে সংঘবদ্ধ মারামারি, তারপর রাজনৈতিক দলীয় পরিচয়ের মধ্যে চলে যায়। পুলিশ এলে তারাও শিক্ষার্থীদের হামলার শিকার হয়। ছাত্রদল ও ছাত্রলীগ পরিচয়ের সূত্রে হামলা-পাল্টাহামলায় অণ্ডত ১৫ জন শিক্ষার্থী আহত হয়েছে। মুসলিম হোস্টেলের সি ব্লকের একটি কক্ষে আঙন জ্বালিয়ে দেয় ছাত্রলীগের কর্মীরা। এই কক্ষটি ছিল ছাত্রদলের নিয়ন্ত্রণাধীন। শিক্ষার্থীদের এই বিরোধকে কেন্দ্র করে উপাধ্যক্ষের লালিত্ব হওয়ার ঘটনা শুধু অনাকাঙ্ক্ষিতই নয়, শান্তিযোগ্য অপরাধও বটে। এসব ঘটনা প্রমাণ করে এই শিক্ষার্থীদের মধ্যে সভ্যতাজ্ঞানও হ্রাস পেতে বসেছে।

এমন অসহিষ্কৃত পরিস্থিতির জন্য সংগত কারণেই তরুণদের মানসিকতা দাটী, যার পেছনে দেশের রাজনৈতিক সংস্কৃতিও কাজ করে। গণতান্ত্রিক রাজনীতির নামে মূলধারায়ও আধিপত্যবাদ মাথাচাড়া দিয়ে উঠেছে। যে কারণে সিলেটে এমসি কলেজের মতো প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের একটি অংশ গোটা ছাত্রাবাস জ্বালিয়ে দিতে পেরেছে। রাজনৈতিক সহযোগিতায় অপরাধীরা বারবার পার পেয়ে যায়। যেমন সিলেটের ঘটনাটিও আজ পর্যন্ত সুরাহা হয়নি। সে জন্য শিক্ষার্থীদের মধ্যে অপরাধপ্রবণতা বেড়ে যায়।

রাজশাহীতে যে ঘটনা ঘটেছে, তার পুনরাবৃত্তি রোধ করতে দল-মত বিবেচনায় না নিয়ে কঠোর ব্যবস্থা নিতে হবে প্রশাসনকে। শিক্ষককে লালিত্ব করার মতো অপরাধ যারা করেছে, তাদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে।